সংবাদ

০৩ AUG 2017
পৃষ্ঠা ২ কলাম ৭

# বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনায় আইন প্রণয়নের নির্দেশ

নিজস্ব বার্তা পরিবেশক

কিন্ডার গার্টেন, কওমি মাদ্রাসা, স্কুল, কলেজসহ সব ধরনের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের তত্ত্বাবধান, নিয়ন্ত্রণ এবং পরিচালনার জন্য এক বছরের মধ্যে সুনির্দিষ্ট আইন প্রণয়নের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। জনস্বার্থে করা একটি রিট আবেদনের শুনানি করে বিচারপতি সালমা মাসুদ চৌধুরী ও বিচারপতি একেএম জহিরুল হকের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ গতকাল এ নির্দেশ দিয়েছেন। অর্থ, জনপ্রশাসন, শিক্ষা মন্ত্রণালয়ের সচিবসহ সংশ্লিষ্টদের প্রতি এ নির্দেশনা দেয়া হয়। আগামী এক বছরের মধ্যে এ বিষয়ে একটি প্রতিবেদনও আদালতে জমা দিতে বলা হয়েছে। ২০১২ সালে সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী এবিএম নুরুল ইসলাম আবেদনটি করেন। গতকাল আদালতে আবেদনের পক্ষে তিনি নিজেই শুনানি করেন। তাকে সহযোগিতা করেন আইনজীবী গিয়াস উদ্দিন ও অ্যাডভোকেট মহিউদ্দিন মহিম। আদালতে রাষ্ট্রপক্ষে ছিলেন সহকারী অ্যাটর্নি জেনারেল অরবিন্দ কুমার রায়। নুরুল ইসলাম সাংবাদিকদের বলেন, আমাদের দেশে প্রচলিত শিক্ষা কার্যক্রম শিক্ষা মন্ত্রণালয়ের দিকনির্দেশনা অনুযায়ী চলছে, যা সংবিধানের ১৫২ অনুচ্ছেদের সঙ্গে সাংঘর্ষিক। কারণ, ১৯৯৫ সালের ১০ অক্টোবরে করা প্রচলিত শিক্ষা কার্যক্রম নীতিমালাগুলো রাষ্ট্রপতি বা সংসদ প্রণয়ন করেননি। আমি শিক্ষাব্যবস্থায় সুনির্দিষ্ট আইন চেয়ে একটি রিট আবেদন দায়ের করেছিলাম। গত পাঁচ বছর আদালতে এ বিষয়ে শুনানি করেছি। আবেদন মঞ্জুর করে আদালত রায় ঘোষণা করেন।